**যুগান্তর**

তারিখ ........ JUN. 2004 ..
পৃষ্ঠা ৩ কলাম ১

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৯টি আঞ্চলিক অফিস হচ্ছে

ফয়জুল্লাহ মাহমুদ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজের সুবিধার্থে সারাদেশে ৯টি আঞ্চলিক অফিস খোলা হচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে অধিভুক্ত কলেজ-কর্তৃপক্ষের তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র আদান-প্রদান প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে সম্প্রতি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে, কলেজ শিক্ষকরা আঞ্চলিক অফিস প্রতিষ্ঠিত হলে কার্যক্রম সম্পাদন প্রক্রিয়া আরও বিলম্বিত হওয়াসহ এবং দুর্নীতি ও হয়রানি বৃদ্ধির আশংকা প্রকাশ করেছেন।

আঞ্চলিক অফিসগুলো হবে বরিশাল, চট্টগ্রাম, খুলনা, সিলেট, যশোর, ময়মনসিংহ, রাজশাহী, কুমিল্লা এবং রংপুরে। প্রতিটি শাখা অফিসে দুইজন কর্মকর্তা এবং সাতজন কর্মচারীসহ জনবল কাঠামো হবে ১১

আঞ্চলিক : পৃষ্ঠা ২ : কলাম ৮

## আঞ্চলিক অফিস হচ্ছে

(৩য় পৃষ্ঠার পর)

সদস্যের। এ অফিসগুলো সংশ্লিষ্ট অঞ্চলের কলেজ ও ইন্সটিটিউটের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, ছাত্রভর্তি প্রক্রিয়া ও রেজিস্ট্রেশনের সংশ্লিষ্ট ফরম বিতরণ ও সংগ্রহ এবং অধিভুক্তি ও তার নবায়ন সংক্রান্ত আবেদনপত্র সংগ্রহ করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবে।

আঞ্চলিক অফিসগুলোর মূল দায়িত্ব হবে পরীক্ষা সংক্রান্ত। এ অফিসগুলো থেকে বিভিন্ন পরীক্ষার ফরম বিতরণ ও তা সংগ্রহ করে বিশ্ববিদ্যালয়ে পাঠানো হবে। এখান থেকে কলেজ কর্তৃপক্ষের কাছে বিভিন্ন পরীক্ষার প্রবেশপত্র বিতরণ করা হবে। বিভিন্ন পরীক্ষার তারিখসহ অন্যান্য তথ্য জানানোর ব্যবস্থা নেয়া হবে। বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত ফলাফল কলেজ কর্তৃপক্ষকে আঞ্চলিক অফিস থেকে সংগ্রহ করতে হবে। ছাত্রছাত্রীদের সার্টিফিকেট ও মার্কশিট কলেজ কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট শাখা অফিস থেকে সংগ্রহ করতে হবে। আর সার্টিফিকেট বা মার্কশিটের ভুল সংশোধনসহ অন্যান্য অভিযোগ ছাত্রছাত্রীদের সংশ্লিষ্ট শাখা অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে পাঠাতে হবে।